



গ্ৰামীন বেংক লিমিটেড

গ্ৰামীন বেংক লিমিটেড (পাবনা)

Job Category: NGO/Development

Job Source: গ্ৰামীন বেংক

Job Summary

Posted On: 5 Nov 2024

Application Deadline: 16 Nov 2024

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)'র সনদপ্রাপ্ত (যার সনদ নং-০১২৭১-০১০১৬-০০১৮৩) বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) দেশের রংপুর ও রাজশাহী বিভাগের ০৫টি জেলায় অতি দরিদ্র মানুষের সার্বিক উন্নয়নে কাজ করছে। পল্টী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র সহায়তায় জিবিকে পরিচালিত মাইক্রোফাইন্যান্স কর্মসূচীর জন্য নিম্নোক্ত পদসমূহে শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র.নং	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	শর্ত সমূহ	মন্তব্য
০১	শিক্ষানবীশ সহকারী শাখা ব্যবস্থাপক	২৫ জন	কমপক্ষে বি.কম পাশ	১. উক্ত প্রার্থীকে সংস্থা হতে ০২ মাসের প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ ফি বাবদ ৩,০০০ (তিন হাজার) টাকা জমা করে প্রশিক্ষণ গ্রহণ করবে। ২. শাখা পর্যায়ে প্রশিক্ষণার্থীদের থাকার ব্যবস্থা করা হবে এবং খাওয়া খরচ প্রশিক্ষণার্থী নিজে বহন করবে। ৩. প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থীকে সংস্থা হতে প্রতি মাসে ধোক ৫,০০০ (পাঁচ হাজার) টাকা ভাতা প্রদান করা হবে। ৪. প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত এবং উল্লিখিত শর্তসমূহে সংস্থার শূন্যপদ সাপেক্ষে প্যানেলে ভিত্তিতে পর্যায়ক্রমে চূড়ান্ত নিয়োগ পাবে। ৫. প্রশিক্ষণ কালীন সময়ে মোট ১৫০ নম্বরের মূল্যায়ন হবে; কমপক্ষে ৭০% নম্বর না পেলে সে অনুষ্ঠান হিসাবে গণ্য হবে। ৬. অকৃতকার্যদের নিয়োগ প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠান বাধ্য থাকবে না। ৭. নিয়োগ বাতিলসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা গ্রাম বিকাশ কেন্দ্র এর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।	
০২	শিক্ষানবীশ লোন অফিসার	৫০ জন	এইচএসসি/ স্নাতক পাশ		

সহকারী শাখা ব্যবস্থাপক পদে চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত হলে নিম্নোক্ত সুযোগ সুবিধা প্রযোজ্য হবেঃ

সহকারী শাখা ব্যবস্থাপক পদের জন্য শিক্ষানবীশকাল ০৬ মাস। শিক্ষানবীশকাল মাসিক বেতন ২৪,০০০/-টাকা এবং শিক্ষানবীশকাল শেষে দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে মূল্যায়ন সন্তোষজনক হলে সহকারী শাখা ব্যবস্থাপক পদে বেতন ৩১,০০০/-টাকাসহ সংস্থার নিয়মানুযায়ী প্রচলিত সুবিধাদি (বার্ষিক ০২টি উৎসব বোনাস, পিএফ, গ্রাচুইটি, মোবাইল বিল, জালানী বিল, বৈশাখীভাতা) প্রাপ্য হবেন। প্রার্থীর নিজস্ব মটর সাইকেল থাকা বাধ্যতামূলক।

লোন অফিসার পদে চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত হলে নিম্নোক্ত সুযোগ সুবিধা প্রযোজ্য হবেঃ

লোন অফিসার পদের জন্য শিক্ষানবীশকাল ০৬ মাস। শিক্ষানবীশকাল মাসিক বেতন ২২,০০০/-টাকা এবং শিক্ষানবীশকাল শেষে দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে মূল্যায়ন সন্তোষজনক হলে লোন অফিসার পদে বেতন ২৮,০০০/-টাকাসহ সংস্থার নিয়মানুযায়ী প্রচলিত সুবিধাদি (বার্ষিক ০২টি উৎসব বোনাস, পিএফ, গ্রাচুইটি, মোবাইল বিল, জালানী বিল, বৈশাখীভাতা) প্রাপ্য হবেন। প্রার্থীর নিজস্ব মটর সাইকেল থাকা বাধ্যতামূলক।

উভয় পদের জন্য চাকুরীতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র মানব সম্পদ বিভাগে জমা রাখতে হবে। জিবিকে মাইক্রোফাইন্যান্স কর্মসূচীর যে কোন কর্মস্থলে কাজ করার মানসিকতা থাকতে হবে।

আরো উল্লেখ্য যে, সাক্ষাতকারের সময় মূল সনদপত্র সমূহ দেখাতে হবে। চাকুরীতে যোগদানের সময় এক মাসের বেতন সমপরিমাণ টাকা (ফেরতযোগ্য) জামানত প্রদান করতে হবে এবং স্বাস্থ্য পরীক্ষার সনদ গ্রহণ করতে হবে। কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

নিয়ম ও শর্তাবলী: পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, সকল সনদপত্র, জন্ম নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (সত্যায়িত), সদ্যতোলা ৩ কপি পিপি সাইজের ছবি, মোবাইল ফোন নম্বরসহ আবেদনপত্র ডেপুটি ডিরেক্টর-এইচআরএন্ড এ্যাডমিন, গ্রাম বিকাশ কেন্দ্র, হলদীবাড়ী, পার্বতীপুর-৫২৫০, দিনাজপুর, বাংলাদেশ, বরাবরে সরাসরি অথবা ডাক/কুরিয়ার যোগে আগামী ১৬/১১/২০২৪ইং তারিখের মধ্যে পৌঁছাতে হবে। ই-মেইল-আবেদনপত্র গ্রহণযোগ্য নহে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে। খামে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে। নারী, আদিবাসী ও প্রান্তিক জনগোষ্ঠীর প্রার্থীদের আবেদন করার জন্য উৎসাহিত করা যাচ্ছে। এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা গ্রাম বিকাশ কেন্দ্র এর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

পি-৪১১৬/২৪